

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ৩১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

অধিগ্রহণ-১ অধিশাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ০৯ ভাদ্র ১৪৩৩/২৪ আগস্ট ২০২৬

বিষয়: “ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতের অর্থ ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৬ এর গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ।

নং ৩১.০০.০০০০.০০০.০৪৭.৬৮.০০৯২.১৪-২১১—স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল বিধিমালা, ২০২৬- এর আওতায় ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক খাতে অর্থ ব্যয় ও ব্যবস্থাপনার লক্ষ্যে সরকার কর্তৃক “ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতের অর্থ ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৬-প্রণয়ন করা হয়েছে। এতদ্বারা অনুমোদিত নির্দেশিকা সকলের অবগতির জন্য জারি করা হলো।

এ এস এম সালেহ আহমেদ

সিনিয়র সচিব।

(২৪১৯৩)

মূল্য : টাকা ৮.০০

**ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতের অর্থ
ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৬**

প্রেক্ষাপট :

সরকারি, আধাসরকারি/স্বায়ত্তশাসিত ও বেসরকারি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে এই উপমহাদেশে প্রথম পূর্ণাঙ্গ ভূমি অধিগ্রহণ আইন, ১৮৯৪ প্রবর্তন হয়। পরবর্তীতে সম্পত্তি (জব্বরি) হুকুমদখল আইন, ১৯৪৮ এবং টাউন ইমপ্রুভমেন্ট এ্যাক্ট, ১৯৫৩ এর আওতায় ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করা হতো। উক্ত আইনের আওতায় ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণসহ কন্টিনজেন্সি বাবদ ক্ষতিপূরণের ১% এবং এস্টাবলিস্টমেন্ট বাবদ ১% টাকা অধিগ্রহণ প্রত্যাশী সংস্থার নিকট থেকে আদায় করার বিধান রাখা হয়। তদানন্তর রেভিনিউ (রিকুইজিশন) ডিপার্টমেন্টের ২৮ শে এপ্রিল, ১৯৬৭ সালের পরিপত্রের মাধ্যমে এস্টাবলিস্টমেন্ট এবং কন্টিনজেন্সি খরচ ১% হতে ৫% পর্যন্ত বৃদ্ধি করা হয়। ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর ভূঃমঃ/শা-৯-১৮/৯৪-৬৯৩(৭২)-বিবিধ, তারিখঃ ৩০-১০-১৯৯৪ এর মাধ্যমে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ, ১৯৮২-এর আওতায় সরকারি, আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/বেসরকারি প্রত্যাশী সংস্থা ভেদে ২% হতে শুরু করে সর্বোচ্চ ১৫% পর্যন্ত আনুষঙ্গিক খরচ বাবদ অর্থ আদায়করণের জন্য বিধান করা হয়। বর্তমানে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল বিধিমালা ২০২৬ অনুযায়ী ভূমি অধিগ্রহণ ও হুকুমদখল কার্যক্রম পরিচালিত হচ্ছে।

ভূমি অধিগ্রহণ ও হুকুমদখল কার্যক্রমের অংশ হিসেবে সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান অনুযায়ী এ খাতে প্রাপ্ত অর্থ সংশ্লিষ্ট হিসাবে জমা হয়ে থাকে। ভূমির মালিকদের প্রদেয় ক্ষতিপূরণের অবিতরণকৃত অর্থ এবং ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতের অর্থ প্রজাতন্ত্রের সরকারি হিসাবের আওতায় জেলা প্রশাসকের নামে সংশ্লিষ্ট ভূমি অধিগ্রহণ (এলএ) মামলার বিপরীতে সৃজিত এলএ পার্সোনাল লেজার (PL) একাউন্টে থাকে, যা জেলা হিসাবরক্ষণ অফিস কর্তৃক সংরক্ষণ করা হয়। প্রচলিত বিধান অনুযায়ী, ভূমি অধিগ্রহণ কার্যক্রম সমাপ্তির পর ০৩ (তিন) বছরের মধ্যে উক্ত অর্থ ব্যয়িত না হলে তা Public Account হতে Consolidated Fund-এ স্থানান্তরের বিধান রয়েছে। কিন্তু ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতের অর্থের ব্যয়, ব্যবহার ও ব্যবস্থাপনা বিষয়ে সুস্পষ্ট ও বিস্তারিত বিধানাবলি প্রণীত না হওয়ায় দেশের বিভিন্ন জেলায় এ খাতের উল্লেখযোগ্য পরিমাণ অর্থ দীর্ঘদিন ধরে অব্যয়িত অবস্থায় সংশ্লিষ্ট হিসাবসমূহে সংরক্ষিত রয়েছে।

চলমান উন্নয়ন কার্যক্রমের অংশ হিসেবে প্রকল্পের শুরুতেই অধিগ্রহণ কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। অধিগ্রহণের আইনানুগ প্রক্রিয়ার অংশ হিসেবে ভিডিও চিত্র ধারণ, বিবরণ তৈরী ও যৌথ তালিকা প্রণয়ন, সরেজমিন ক্ষতিপূরণ প্রদান, ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের জন্য সরেজমিনে যাচাই/প্রকল্প এলাকা পরিদর্শন ও প্রত্যাশী সংস্থা বরাবর জমির দখল হস্তান্তর করতে হয়। অধিগ্রহণ কার্যক্রম ত্বরান্বিতকরণ ও তদারকীর জন্য এলএ শাখার যানবাহন ও জ্বালানি বাবদ অর্থের প্রয়োজন হয়ে থাকে। অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমি সঠিক পরিমাপের লক্ষ্যে বিভিন্ন ধরনের আধুনিক সার্ভে

যন্ত্রপাতি, ফটোকপি মেশিন, কম্পিউটার, প্রিন্টার, ইত্যাদি প্রয়োজন হয়। এছাড়া, এলএ কেসের বিভিন্ন কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে প্রত্যাশী সংস্থাকে সহায়তা করার জন্য সরেজমিনে অবস্থান করতে হয়। এজন্য নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণের দৈনন্দিন খরচ নির্বাহের জন্য স্বতন্ত্র কোনো বরাদ্দ নেই।

উপরোক্ত প্রেক্ষাপটে,

- (ক) অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের লক্ষ্যে প্রয়োজনীয় খাতে ব্যয় নির্বাহ;
- (খ) প্রত্যাশী সংস্থার নিকট হতে আদায়কৃত ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ;
- (গ) অর্থ ব্যয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা ও অস্পষ্টতা দূরীকরণ; এবং
- (ঘ) ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতে প্রাপ্ত অর্থের হিসাব যথাযথভাবে সংরক্ষণ ও অর্থ ব্যয়ে সরকারি বিধি-বিধান প্রতিপালন করার উদ্দেশ্যে নিম্নরূপ নির্দেশিকা প্রণয়ন করা হলো।

১. সংক্ষিপ্ত শিরোনাম:

- (ক) এই নির্দেশিকা ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক খাতের (Land Acquisition Contingency) অর্থ ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৬ নামে অভিহিত হবে।
- (খ) ইহা অবিলম্বে কার্যকর হবে।

২. অভিব্যক্তির ব্যবহার:

বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে এই নির্দেশিকায় ব্যবহৃত অভিব্যক্তিসমূহ স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল বিধিমালা, ২০২৬ এ ব্যবহৃত অভিব্যক্তির অনুরূপ হবে।

৩. অর্থের উৎস:

আইনানুযায়ী ক্ষতিগ্রস্ত ভূমির মালিকদের অনুকূলে প্রদেয় ক্ষতিপূরণের অর্থের সঙ্গে নিম্নবর্ণিত হারে ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) ব্যয় সংযোজনপূর্বক, উক্ত ব্যয়সহ প্রয়োজনীয় অর্থ প্রত্যাশী সংস্থার নিকট হতে আদায় করতে হবে।

- (ক) সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার কোনো প্রস্তাবের ক্ষেত্রে ১(এক) কোটি টাকা পর্যন্ত প্রাক্কালিত অর্থের উপর ৩% হারে (শতকরা তিন ভাগ) এবং তদূর্ধ্ব হলে ২% হারে (শতকরা দুই ভাগ);
- (খ) বেসরকারি সংস্থা/ব্যক্তিমালিকানাধীন প্রস্তাবের ক্ষেত্রে যে কোনো অঙ্কের প্রাক্কালিত অর্থের উপর ১০% হারে।

৪. হিসাব ও অর্থ ব্যবস্থাপনা:

৪.১. স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখলের জন্য প্রত্যাশী ব্যক্তি/সংস্থা থেকে প্রাপ্ত অর্থের ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত ব্যক্তি/পরিবারের ক্ষতিপূরণ বাবদ প্রাপ্ত অর্থের জন্য বিদ্যমান এলএ লেজার একাউন্ট এর পাশাপাশি ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতে প্রাপ্ত সকল অর্থের জন্য ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক খাত নামে একটি পৃথক হিসাব Personal Ledger (PL) Account খুলতে হবে এবং প্রাপ্ত সকল আনুষঙ্গিক খাতের অর্থ উক্ত হিসাবে জমা প্রদান করতে হবে।

৪.২. এলএ কেসের কার্যক্রম চূড়ান্তকরণে যাবতীয় সংশ্লিষ্ট কাজে জেলা প্রশাসকের অনুমোদনক্রমে ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতে প্রাপ্ত অর্থ ব্যয় করা যাবে। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (এলএও) আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। এই খাতের হিসাব পৃথক রেজিস্ট্রার ও ক্যাশ বহিতে সংরক্ষণ করতে হবে।

৪.৩. ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতে জমাকৃত অর্থ সরকারি কোনো আয় নয়। ইহা প্রকল্প বাস্তবায়নে এলএ কেস সংক্রান্ত ব্যয়ের খাত বিধায় উক্ত টাকা ট্রেজারি বুলস এবং সাবসিডিয়ারি বুলস এর ৩৪৬ বিধি অনুযায়ী কোনো দাবিদার নেই। কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান উক্ত অর্থের দাবি করার সুযোগ নেই।

৪.৪. এলএ মামলার কার্যক্রম চূড়ান্ত হলে, অর্থাৎ স্থাবর সম্পত্তির দখল হস্তান্তর সম্পন্ন এবং এওয়ার্ড এডজাস্টমেন্ট (Award adjustment) হিসাবরক্ষণ বিভাগ কর্তৃক নিরীক্ষিত হলে, ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতে অব্যয়িত অর্থ সংশ্লিষ্ট হিসাবে সর্বোচ্চ ০৩ (তিন) বছর সংরক্ষিত থাকবে এবং এ নির্দেশিকায় বর্ণিত খাতে খরচ করা যাবে। সংশ্লিষ্ট এলএ মামলার ক্ষেত্রে দখল হস্তান্তর ও গেজেট প্রকাশের তারিখ হতে ০৩ (তিন) বছর অতিবাহিত হওয়ার পর ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতের অব্যয়িত উদ্ধৃত অর্থ ভূমি মন্ত্রণালয়কে অবহিতপূর্বক প্রজাতন্ত্রের সরকারি হিসাবে (সংযুক্ত তহবিলে) জমা প্রদান করতে হবে।

এছাড়াও, যেসব এলএ মামলার ক্ষেত্রে নথি কনসাইনমেন্টপূর্বক রেকর্ডরুমে সংরক্ষিত রয়েছে এবং এওয়ার্ড এডজাস্টমেন্ট (Award adjustment) হিসাবরক্ষণ অফিস কর্তৃক নিরীক্ষিত হওয়ার পর ০৩ (তিন) বছর অতিবাহিত হয়েছে, সেসব মামলার বিপরীতে ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতে প্রাপ্ত/জমাকৃত অব্যবহৃত/অব্যয়িত সমুদয় অর্থ এই নির্দেশিকা জারির তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রজাতন্ত্রের সরকারি হিসাবে (সংযুক্ত তহবিলে) জমা প্রদান নিশ্চিত করতে হবে।

৪.৫. কোনো এলএ মামলার বিপরীতে ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতে জমাকৃত অর্থ অন্য কোনো এলএ মামলার আনুষঙ্গিক ব্যয়ের খাতে সাধারণত ব্যয় করা যাবে না। তবে, জরুরি প্রয়োজনে ভূমি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগের পূর্বানুমোদনক্রমে অন্য কোনো সংশ্লিষ্ট এলএ মামলার ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতে হতে সমন্বয়পূর্বক ব্যয় করা যেতে পারে।

৪.৬. ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতে জমাকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত করার জন্য জেলা প্রশাসকগণ এ খাতে ব্যয়ের বাৎসরিক হিসাব বিবরণী এবং কেসভিত্তিক অব্যয়িত অর্থের হিসাব বিবরণী বিভাগীয় কমিশনারের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। এ খাতে ব্যয়ের বার্ষিক হিসাব বিবরণীর ০১ (এক)টি অনুলিপি মন্ত্রণালয় হতে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৪.৭. এই খাতে জমাকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত আর্থিক বিধি-বিধান মেনে চলতে হবে। ভূমি মন্ত্রণালয়ের হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর কর্তৃক নিরীক্ষণ করতে হবে।

৫. ব্যয়ের খাত ও পদ্ধতি:

আনুষঙ্গিক খাতের অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়ম ও পদ্ধতি অনুসরণ করতে হবে:

৫.১. অর্থ ব্যয়ের ক্ষেত্রে জেলাসমূহের ক্যাটাগরি নিম্নরূপ হবে—

ক্রমিক	বাৎসরিক আনুষঙ্গিক খাতে প্রাপ্ত অর্থের পরিমাণ	ক্যাটাগরি
০১	৫ কোটি টাকা বা তদুর্ধ্ব	ক
০২	৩ থেকে ৫ কোটি টাকা	খ
০৩	৩ কোটি টাকার কম	গ

৫.২. জেলা প্রশাসক, নিম্নবর্ণিত ছকে উল্লিখিত খাতের বিপরীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পার্শ্বে উল্লিখিত পর্যন্ত অর্থ ব্যয় করতে পারবেন।

ক্রমিক	ব্যয়ের খাত	ক ক্যাটাগরি	খ ক্যাটাগরি	গ ক্যাটাগরি
০১	বিভাগীয় কমিশনারের অনুমোদন সাপেক্ষে কম্পিউটার, প্রিন্টার, প্রিন্টারের কালি, ইন্টারনেট যন্ত্রাংশ ক্রয় বাবদ (প্রতি বছর) সর্বোচ্চ।	৫ লক্ষ	৩ লক্ষ	২ লক্ষ

ক্রমিক	ব্যয়ের খাত	ক ক্যাটাগরি	খ ক্যাটাগরি	গ ক্যাটাগরি
০২	সরকারের অনুমোদন সাপেক্ষে ফটোস্ট্যাট মেশিন, ভিডিও, ক্যামেরা, ক্যামেরা, পেন্টাগ্রাফ মেশিন, স্ক্যানার ক্রয়।	সর্বোচ্চ ১০ লক্ষ	সর্বোচ্চ ০৮ লক্ষ	সর্বোচ্চ ০২ লক্ষ
০৩	সরকারের অনুমোদন সাপেক্ষে সার্ভে যন্ত্রপাতি/ডিজিটাল সার্ভে মেশিন, Aerial Photography ক্রয় (চাহিদা মাফিক)।	চাহিদা মাফিক প্রকৃত খরচ সর্বোচ্চ কত টাকা হবে তা উল্লেখ করে অর্থ বিভাগের মতামত গ্রহণ করতে হবে।		
০৪	ক্রয়কৃত সকল যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ বাবদ (প্রতি বছরে)।	০১ লক্ষ	৭৫ হাজার	৫০ হাজার
০৫	ঝুঁকিপূর্ণ ও শ্রমসাধ্য কাজের জন্য সম্মানী বাবদ বৎসরে সর্বোচ্চ ১০(দশ) হাজার টাকা।	চাহিদা অনুযায়ী প্রতিটি এলএ মামলার ক্ষেত্রে কতজন কর্মকর্তা/কর্মচারী এ ব্যয় হতে সুবিধা প্রাপ্য হবেন, সে বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব প্রণয়নপূর্বক অর্থ বিভাগের মতামত গ্রহণ করতে হবে।		
০৬	বিভিন্ন প্রকার নোটিশ ফরম, ফরম, এওয়ার্ড বই, রেজিস্টার, মুদ্রণ ও বাঁধাই বাবদ (কেস প্রতি)।	সর্বোচ্চ ২০ হাজার	সর্বোচ্চ ২০ হাজার	সর্বোচ্চ ২০ হাজার
০৭	বিভাগীয় কমিশনারের অনুমোদন সাপেক্ষে মামলা, রিট এবং কনটেন্ট মামলা পরিচালনার ব্যয় নির্বাহ বাবদ (প্রতি বছর)।	সরকারের অনুমোদন সাপেক্ষে প্রকৃত চাহিদার ভিত্তিতে		
০৮	সরকারের অনুমোদন সাপেক্ষে জেলা প্রশাসনে প্রসেস সার্ভিসের স্বল্পতার কারণে নোটিশ জারির জন্য প্রয়োজনে মৌসুমি অতিরিক্ত লোক নিয়োগ, রেজিস্টার ডাক ও কুরিয়ার সার্ভিসে নোটিশ প্রদান বাবদ প্রতি বছর (প্রকৃত খরচ)।	অর্থ বিভাগের সম্মতি গ্রহণ সাপেক্ষে		
০৯	বিভাগীয় কমিশনারের অনুমোদন সাপেক্ষে যানবাহনের স্বল্পতায় যানবাহন বা মোটরসাইকেল ভাড়া করার জন্য (প্রতি কেসে)।	সর্বোচ্চ ০৩ লক্ষ	সর্বোচ্চ ০২ লক্ষ	সর্বোচ্চ ১ লক্ষ

ক্রমিক	ব্যয়ের খাত	ক ক্যাটাগরি	খ ক্যাটাগরি	গ ক্যাটাগরি
১০	অধিগ্রহণ ওয়েবসাইট ব্যবস্থাপনা ও এ সংক্রান্ত প্রশিক্ষণের খরচ।	প্রকৃত খরচ	প্রকৃত খরচ	প্রকৃত খরচ

৫.৩. অনুচ্ছেদ-৫.২ এ উল্লিখিত খাতে অর্থ ব্যয়ের ক্ষেত্রে জেলা প্রশাসকের অনুমোদন সাপেক্ষে বাৎসরিক সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা, বিভাগীয় কমিশনারের অনুমোদন সাপেক্ষে বাৎসরিক অতিরিক্ত সর্বোচ্চ ০৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করা যাবে। উল্লিখিত ১৫(পনেরো) লক্ষ টাকার ঊর্ধ্বে ব্যয়ের প্রয়োজন হলে অর্থ থাকা সাপেক্ষে ভূমি মন্ত্রণালয়ের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। সেক্ষেত্রে যৌক্তিকতা উল্লেখ করে ভূমি মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য পত্র প্রেরণ করতে হবে এবং ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির পর অর্থ ব্যয় করা যাবে। এ খাতে অর্থ ব্যয়ে ক্রয়কৃত সকল সরঞ্জামাদির জন্য পৃথক স্টক রেজিস্টার সংরক্ষণ করতে হবে এবং টিওএন্ডই-তে অন্তর্ভুক্ত কোনো সরঞ্জামাদি এ খাতের অর্থ হতে ক্রয় করা যাবে না।

৫.৪. কোনো খাতে অতিরিক্ত অর্থের আবশ্যিকতা দেখা দিলে অথবা অর্থ ব্যয়ের প্রয়োজন হলে যৌক্তিকতা উল্লেখ করে ভূমি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে।

৬. এ নির্দেশিকার আওতায় অর্থ ব্যয় পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ ও সরকারি অর্থ ব্যয়ের প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৭. এ নির্দেশিকা কার্যকর হবার পর ভূমি অধিগ্রহণ আনুষঙ্গিক (Land Acquisition Contingency) খাতে জমাকৃত অর্থ ব্যবস্থাপনা সংক্রান্ত ইতঃপূর্বে জারীকৃত নির্দেশনা, পরিপত্র ও অফিস আদেশ, যদি থাকে, এতদ্বারা রহিত হবে। তবে, শর্ত থাকে যে, উক্ত রহিতকরণ সত্ত্বেও ইতঃপূর্বে জারীকৃত নির্দেশনা, পরিপত্র ও অফিস আদেশের অধীন যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে, সে সকল কার্যক্রম তদধীন জারীকৃত নির্দেশনা, পরিপত্র ও অফিস আদেশ মোতাবেক নিষ্পত্তি করতে হবে।

৮. এ নির্দেশিকা অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাজেট-২১ শাখার ০৯ জুলাই ২০২৬ তারিখের ০৭.০০.০০০০.১১৮.২২.০০২৪.১৬.২০৮ নম্বর স্মারকে প্রদত্ত মতামত/সম্মতি সাপেক্ষে জারি করা হলো।